দৈনিক জনকণ্ঠ

২৭/৮/২০০১

তারিখ ............
পৃষ্ঠা ১২ কলাম ৩

# ক্ষমতায় যেতে পারলে বেসরকারী শিক্ষকদের বেতনের এক শ' ভাগ সরকারী কোষাগার থেকে দেয়া হবে ॥ বেগম জিয়া

**স্টাফ রিপোর্টার** ॥ বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া বলেছেন, জনগণের ভোটে ক্ষমতায় যেতে পারলে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতনের শতকরা এক শ' ভাগ সরকারী কোষাগার থেকে দেয়া হবে। তিনি বেসরকারী শিক্ষকদের অবসর ভাতা প্রদান, শিক্ষক-কর্মচারীদের ছয় দফা বাস্তবায়ন ও শিক্ষক স্বার্থবিরোধী নয় দফা বাতিলে

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## ক্ষমতায় যেতে পারলে

(১২-এর পাতার পর)

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ৫১ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাতকালে বেগম জিয়া এ সব আশ্বাস প্রদান করে আসন্ন নির্বাচনে সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য শিক্ষক-কর্মচারীদের প্রতি আহ্বান জানান। গত রবিবার রাতে বনানী কার্যালয়ে শিক্ষক নেতৃবৃন্দ বেগম জিয়ার সঙ্গে সাক্ষাত করেন। এ সময় বিএনপির মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া, শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতা প্রফেসর এম শরীফুল ইসলাম, মোঃ সেলিম ভূঁইয়া, মাওলানা আব্দুল লতিফ, অধ্যক্ষ মাজহারুল হান্নান, মোঃ শফিকুল আলম, অধ্যক্ষ